



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
(সাদারণ পরিচর্যা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং: ১২.২০৬.০০২.০০.০০.৪৪১.২০১৪- ২০২৬

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: গৃহস্থালীর গ্রাহকশ্রেণীর গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত।

সূত্রঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর ৩১ জুলাই, ২০১৭ তারিখের স্মারক নং- বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২(১)/সবি/৩৮১৭

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের আলোকে গৃহস্থালীর গ্রাহকশ্রেণীর গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর ৩১ জুলাই, ২০১৭ তারিখের স্মারক নং- বিইআরসি/ ট্যারিফ/গ্যাস-১২(১)/সবি/৩৮১৭ গণবিজ্ঞপ্তিটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর ওয়েব সাইট (<http://www.berc.org.bd>) হতে ডাউনলোডপূর্বক পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

Programmer
০২/০৮/১৭

১০/০৮/১৭
(মোহাম্মদ জাকিরুল ইসলাম)
পরিচিতি নম্বর-০১০০২৬
যুগ্মসচিব (সাঃ পঃ)
বিএডিসি, ঢাকা।
ফোন: ০২-৯৫৫১৭১১
ই-মেইল: js_cs@badc.gov.bd

সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্যক্তিগত দাবী)

হিসাব বিভাগ

বিএডিসি, ঢাকা।

JC
০২.৮.১৭

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৪. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫. অফিস কপি/মাস্টার ফাইল।

SAE
০২/০৮/১৭



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২(১)/সবি/৩৮১৭

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-২৭৩১/২০১৭ এর পরিপ্রেক্ষিতে মাননীয় আদালত কর্তৃক ৩০ জুলাই ২০১৭ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্যহার পুনর্নির্ধারণ করে ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫ এর আংশিক সংশোধনপূর্বক গৃহস্থালী গ্রাহকশ্রেণির মিটারভিত্তিক গ্রাহকের জন্য ৯.১০ টাকা/ঘনমিটার, সিঙ্গেল বার্নার গ্রাহকের জন্য প্রতি মাসে ৭৫০.০০ টাকা এবং ডাবল বার্নার গ্রাহকের জন্য প্রতি মাসে ৮০০.০০ টাকা ১ আগস্ট ২০১৭ তারিখ হতে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত তা অপরিবর্তিত থাকবে।

২। মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী ১ জুন ২০১৭ হতে কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহার কার্যকরের ফলে জুন-জুলাই ২০১৭ মাসে গৃহস্থালী গ্রাহকশ্রেণিতে আদায়কৃত অর্থ গ্রাহকদেরকে ফেরত প্রদান করতে হবে না।

৩। কমিশন কর্তৃক ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্যহার পুনর্নির্ধারণ করে জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫ এ বর্ণিত বিদ্যুৎ, ক্যাপটিভ পাওয়ার, সার, শিল্প, চা-বাগান, বাণিজ্যিক এবং সিএনজি গ্রাহকশ্রেণির ক্ষেত্রে ১ জুন ২০১৭ থেকে কার্যকর মূল্যহার এবং শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মুহঃ মাহবুবুর রহমান

সচিব

ফোনঃ ৯১৪ ০১২৫



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	মূল্যহার (টাকা/ঘনমিটার)	
		১ মার্চ ২০১৭ তারিখ হতে কার্যকর	১ জুন ২০১৭ তারিখ হতে কার্যকর
১	বিদ্যুৎ	২.৯৯	৩.১৬
২	ক্যাপটিভ পাওয়ার	৮.৯৮	৯.৬২
৩	সার	২.৬৪	২.৭১
৪	শিল্প	৭.২৪	৭.৭৬
৫	চা বাগান	৬.৯৩	৭.৪২
৬	বাণিজ্যিক	১৪.২০	১৭.০৪
৭	সিএনজি	৩৮.০০	৪০.০০
৮	গৃহস্থালী :		
	ক) মিটারভিত্তিক	৯.১০	১১.২০
	খ) এক বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট)	৭৫০.০০	৯০০.০০
	গ) দুই বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট)	৮০০.০০	৯৫০.০০

২। প্রতি ঘনমিটার সিএনজি গ্যাসের প্রথম ধাপ এবং দ্বিতীয় ধাপ এর পুনঃনির্ধারিত মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্যহার যথাক্রমে ৩০.০০ টাকা এবং ৩২.০০ টাকা এবং উভয় ধাপে অপারেটর মার্জিন ৮.০০ টাকা অন্তর্ভুক্ত রয়েছে।

৩। গ্যাস সরবরাহে বিদ্যমান অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ ফয়জুর রহমান

সচিব

ফোনঃ ৯১৪ ০১২৫